



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৬৬

তারিখ: ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ম্যানেজিং কমিটির সভাপতি পদ বাতিল ও পুনরায় সভাপতি নির্বাচন প্রসঙ্গে

সূত্র: ০১। স্মারক নং: বামাশিবো/প্রশা/২৩১২১১১২২৬৯১/৪৭৮৯৭/নথি নং -২৭৩ তারিখ ০১-১১-২০২১ খ্রিঃ

০২। স্মারক নম্বর: বামাশিবো/প্রশা/২৩৩২৩১১২২৬৯২/ময়মনসিংহ-২৭৩/২৩, তারিখ: ২৭ জুলাই ২০২৩খ্রি.

০৩। স্মারক নং: ০৫.৪৫.৬১৯৪.০০০.১১.০০১.২২-৪৯, তারিখ: ২২ জানুয়ারি ২০২৪খ্রি.

০৪। স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৬১, তারিখ: ২৯ জানুয়ারি ২০২৪খ্রি.

০৫। ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি কর্তৃক কারণ দর্শানো পত্রের জবাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন নওপাড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: শফিকুল ইসলাম সজলের বিরুদ্ধে জনাব এইচ.এম এরশাদ ও জনাব ছাইফুল ইসলাম কর্তৃক আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য সূত্রোক্ত ০২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ-কে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: শফিকুল ইসলাম সজলের বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়মের অভিযোগ সঠিক। সূত্রোক্ত ০৪নং স্মারকে সভাপতির পদ কেন বাতিল করা হবেনা মর্মে কারণ দর্শানো পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি জবাব দাখিল করেছেন। ভারপ্রাপ্ত সুপার জবাবে সভাপতির পদ বাতিল করা হলে তার কোন আপত্তি নেই মর্মে উল্লেখ করেছেন এবং সভাপতির জবাব সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায়, ম্যানেজিং কমিটির সভাপতি বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং কারণ দর্শানো পত্রের জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মো: শফিকুল ইসলাম সজলের সভাপতি পদ বাতিল করা হলো। একই সাথে ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য বিধি মোতাবেক সভাপতি নির্বাচন করে বোর্ডে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

২১-০৩-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার
chairman@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, নওপাড়া দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৬৬/১(৮)

তারিখ: ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ত্রিশাল, ময়মনসিংহ;
- ৫। ম্যানেজার, সোনালী/অগ্রণী/জনতা ব্যাংক পিএলসি.....শাখা, ত্রিশাল, নেত্রকোণা;
- ৬। সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, নওপাড়া দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
- ৭। পি ও টু চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৮। অফিস কপি (নথি নম্বর: ২৭৩)।



২১-০৩-২০২৪

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার